

# সমকাল

## ড্যাফোডিলের সাংবাদিকতা বিভাগ অ্যালামনাইদের নতুন কমিটির অভিষেক

১৯ সেপ্টেম্বর ২০১৮

অনলাইন ডেস্ক



ড্যাফোডিল ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটির (ডিআইইউ) সাংবাদিকতা ও গণযোগাযোগ বিভাগের অ্যালামনাই অ্যাসোসিয়েশনের নতুন কমিটির অভিষেক হয়েছে।

মঙ্গলবার বিশ্ববিদ্যালয়ের জেএমসি মিডিয়া ল্যাবে এক অনুষ্ঠানের মাধ্যমে নতুন কমিটির এই অভিষেক হয়। অনুষ্ঠানে ২৭ জন সদস্যের নির্বাহী কমিটি ঘোষণা করা হয়।

কমিটিতে সভাপতি হিসেবে নির্বাচিত হয়েছেন ডেইলি সান পত্রিকার সহ-সম্পাদক ও স্টাফ রিপোর্টার মো. আলতাফুর রহমান এবং সাধারণ সম্পাদক হিসেবে নির্বাচিত হয়েছেন ড্যাফোডিলের শিক্ষক রাশেদুল ইসলাম রাতুল।

কমিটির অন্যান্য সদস্যরা হলেন-উপদেষ্টা আনিসুর রহমান (যমুনা টিভি), সিনিয়র সহ-সভাপতি মো. হাসান ইমাম ইমরান (জিটিভি), সহ-সভাপতি সাবিনা ইয়াসমিন (প্রথম আলো) ও মোস্তফা মাহবুব আলম (ডিবিসি নিউজ), যুগ্ম সাধারণ সম্পাদক মোহাম্মাদ হাসিব (চ্যানেল নাইন) ও আব্দুর রাজ্জাক সরকার (সমকাল)।

কমিটিতে আরও আছেন- কোষাধ্যক্ষ মো. জহুরুল ইসলাম (ব্রেকিংনিউজ.কম.বিডি), সাংগঠনিক সম্পাদক রাকিবুল আজম রানা (ব্যবসায়ী), অনুষ্ঠান বিষয়ক সম্পাদক সৈয়দা সাদিয়া শাহরিন ঝিল (প্রথম আলো), সাহিত্য ও সাংস্কৃতিক সম্পাদক কামাল উদ্দিন রুমি (দীপ্ত টিভি), মহিলা বিষয়ক সম্পাদক সাদিয়া চৌধুরী (দীপ্ত টিভি), পাবলিক রিলেশন্স সম্পাদক নাদিম চৌধুরী (ডিআইইউ), প্রেস ও প্রকাশনা সম্পাদক জিয়াউর রহমান চৌধুরী (যমুনা টিভি), দফতর সম্পাদক ফরহাদ হোসাইন রনি (এসিআই মটরস লিমিটেড), ক্রীড়া সম্পাদক আল ইমরান (পল্লী মঙ্গল কর্মসূচি), সমাজকল্যাণ সম্পাদক এনামুল হক (ইনডিপেনডেন্ট টিভি), আপ্যায়ন সম্পাদক আব্দুর রহিম (একান্তর টিভি), মাল্টিমিডিয়া ও আইসিটি সম্পাদক খায়রুল বাশার নয়ন (এথিক্স এ্যাডভান্সড টেকনোলজি লিমিটেড), সহ-মাল্টিমিডিয়া ও আইসিটি সম্পাদক মাহবুবুর রহমান (বুমেরাং ডিজিটাল)।

নির্বাহী সদস্য সেতারা নাজনীন (বিকনবাংলা.কম), এম. সুরুজ আহমেদ (নিউজ টোয়েন্টিফোর), আরিফ হোসেন (ম্যাসকম), আব্দুল হান্নান (আইকনিক ফোকাস), ইশরাত জাহান আবির (ডায়মন্ড ওয়ার্ল্ড) এবং জিসান মাহাদী (সিনেমা বাংলাদেশ)।

বৈঠক শেষে অ্যালামনাই অ্যাসোসিয়েশন সভাপতি মো. আলতাফুর রহমান বলেন, এই বিভাগের সাবেক এবং বর্তমান শিক্ষার্থীদের মধ্যে সেতুবন্ধন গড়তে কাজ করবে এ কমিটি।

© সমকাল 2005 - 2018

ভারপ্রাপ্ত সম্পাদক : মুস্তাফিজ শফি । প্রকাশক : এ কে আজাদ

১৩৬ তেজগাঁও শিল্প এলাকা, ঢাকা - ১২০৮ । ফোন : ৮৮৭০১৭৯-৮৫, ৮৮৭০১৯৫, ফ্যাক্স : ৮৮৭০১৯১, ৮৮৭৭০১৯৬,  
বিজ্ঞাপন : ৮৮৭০১৯০ । ইমেইল: info@samakal.com